হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩৮ ঃ মেহেরপুর- বৃহস্পতিবার ১১ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২৭ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১৭ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## কাতারে ইসরায়েলি আগ্রাসন 'উসকানিমূলক', নিন্দা বাংলাদেশের

সূর্যোদয় প্রতিবেদন

কাতারে ইসরায়েলি সামরিক আগ্রাসনকে 'বেআইনি ও উসকানিমূলক' আখ্যা দিয়ে তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। বুধবার (১০ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিবৃতিতে এই নিন্দা জানানো হয়। বিবৃতিতে বলা হয়, ইসরায়েলের এ ধরনের আগ্রাসী পদক্ষেপ কাতারের সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতার পাশাপাশি আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ সনদের নীতিমালার সুস্পষ্ট লঙ্ঘন। বাংলাদেশ এ ঘটনায় কাতার সরকার ও ভ্রাতৃপ্রতিম কাতারবাসীর প্রতি অটল সংহতি প্রকাশ করেছে। পাশাপাশি আন্তর্জাতিক শান্তি ও স্থিতিশীলতা রক্ষায় সকল রাষ্ট্রের প্রতি দায়িত্বশীল আচরণের আহ্বান জানিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে আরও বলা হয়, "এই হামলার ঘটনা আবারও প্রমাণ করে যে আঞ্চলিক স্থিতিশীলতা, আন্তর্জাতিক শান্তি এবং প্রতিষ্ঠিত আন্তর্জাতিক মানদণ্ডের প্রতি ইসরায়েলের অগ্রাহ্যতা অব্যাহত

২-এর পৃষ্ঠা দেখুন



### গাংনীতে ভুতুড়ে বিদ্যুৎ বিল নিয়ে গ্রাহকদের ক্ষোভ

## জোনাল অফিসে কোটি টাকার অনিয়মের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক,গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলায় পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন গ্রাহকদের কাছ থেকে ভুতুড়ে বিদ্যুৎ বিল আদায়ের অভিযোগ উঠেছে। জুলাই ও আগস্ট মাসে হাজার হাজার গ্রাহকের কাছে দ্বিগুণ এমনকি কয়েকগুণ বেশি বিল প্রস্তুত করা হয়েছে। এতে প্রায় ৪ কোটি ২৫ লাখ টাকা অতিরিক্ত আদায়ের অভিযোগ উঠেছে গাংনী জোনাল অফিসের ডিজিএম বিজয় চন্দ্রকুন্ডুর বিরুদ্ধে। ঝোড়পাড়া গ্রামের গ্রাহক মোস্তাফিজুর রহমান জানান, তাঁর মিটারের নিয়মিত বিল মাসে ৩-৪ শত টাকা হলেও জুলাই মাসে হঠাৎ ৩ হাজার ৬০০ টাকা আসে। একই অভিযোগ করেছেন আরও অনেক ভুক্তভোগী। রায়পুর গ্রামের সন্নাসী দাস জানান, প্রতিমাসে যেখানে

২-এর পৃষ্ঠা দেখুন

## "কমিটি ছাড়াই শেখ হাসিনাকে তাড়িয়েছি, চাঁদাবাজদেরও পারব" জাহাঙ্গীর বিশ্বাস

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার (১০ সেপ্টেম্বর) বিকেলে শহরের খান কমিউনিটি সেন্টারে এ সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি ও জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস বলেন, "শেখ হাসিনাকে তাড়ানোর জন্য কোনো কমিটি ছিল না, আমাদের সন্তানের মতো তরুণ প্রজন্মই আন্দোলনের মাধ্যমে তাকে হটিয়েছে। আজকেও সংগঠিত আন্দোলনের মাধ্যমে বিএনপির ভেতরে থাকা দালাল, চাঁদাবাজ ও অপশক্তিকে প্রতিহত করা সম্ভব হবে। আগামী দিনে মাসুদ অরুণের নেতৃত্বে সবার অধিকার প্রতিষ্ঠায় আমাদের সুসংগঠিত হতে হবে।" তিনি আরও বলেন, দীর্ঘ ১৬ বছর মাসুদ অরুণের নেতৃত্বে নেতাকর্মীরা আন্দোলন-সংগ্রাম করেছেন। ঢাকা কেন্দ্রীয় কর্মসূচি ঢাকার নেতারা বাস্তবায়ন করতে না পারলেও মেহেরপুরে নেতাকর্মীরা তা সাহসের সঙ্গে

২-এর পৃষ্ঠা দেখুন





## মেহেরপুরে 'স্বপ্ন দেখো, জীবন গড়ো' শ্লোগানে জিপিএ-৫ শিক্ষার্থীদের উৎসব

নিজস্ব প্রতিবেদক

ঐতিহাসিক মুজিবনগর খ্যাত মেহেরপুরে গতকাল বুধবার (১০ সেপ্টম্বর) সকালে শিক্ষার্থী ও অভিভাবকদের কলরবে মুখর হয়ে ওঠে পৌর শহরের কমিউনিটি সেন্টার। ২০২৫ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া জেলার কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রাণফুলে ওঠে হলরুম। শিক্ষার ডিজিটাল প্ল্যাটফর্ম শিখো

২-এর পৃষ্ঠা দেখুন

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুদান

নিজস্ব প্রতিবেদক

সাংস্কৃতিক কর্মকাণ্ডে অনুদান প্রদানের লক্ষ্যে দেশের সাংস্কৃতিক ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করেছে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। এই অনুদানের আবেদনের শেষ তারিখ আগামী ১২ আক্টোবর। সাংস্কৃতি বিষয়ক মন্ত্রাণালয়ের সাধারণ নির্দেশনায় বলা হয়েছে। ?? আবেদন অবশ্যই নির্ধারিত ফরমে করতে হবে। ?? ইতিপূর্বে অনুদানপ্রাপ্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানসহ নতুন সাংস্কৃতিক সংগঠনকেও প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে। আগামী ১২

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনী সীমান্ত থেকে পাঁচ লাখ টাকার পণ্য উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী সীমান্ত এলাকা থেকে পাঁচ লাখ ২৪ হাজার ২০০ টাকা মূল্যের ভারতীয় সিলডিনাফিল ট্যাবলেট, সেনেগ্রা ট্যাবলেট, মদ ও চকলেট বাজি উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)গতকাল বুধবার (১০ সেপ্টম্বর) দুপুর

২-এর পৃষ্ঠা দেখুন

## দৌলতপুরে আধিপত্যের সংঘর্ষে দুজন নিহত

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার মথুরাপুর ইউনিয়নের বাগোয়ান কান্দিরপাড়া গ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে মঙ্গলবার (৯ সেপ্টম্বর)দিবাগত রাতে দুজন নিহত হয়েছেন। নিহতরা হলেন সারফান সর্দার (৫০) ও তাঁর ভাগনে বাইজিদ সর্দার (৩৫)। স্থানীয়রা জানান, রাত সাড়ে ১২টার দিকে বাজার এলাকায় সংঘর্ষ চলাকালে ধারালো অস্ত্রের আঘাতে সারফান সর্দার ঘটনাস্থলেই মারা যান। গুরুতর আহত বাইজিদ সর্দারকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

## নিরাময় ক্লিনিক অপারেশন থিয়েটারে মেয়াদোত্তীর্ণ ঔষধ ব্যবহারে জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলায় বেসরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে নানা অনিয়মের অভিযোগে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান পরিচালনা করেছে। মেহেরপুর জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান নেতৃত্বে অভিযানটি পরিচালিত হয়। গতকাল বুধবার (১০ সেপ্টেম্বর) দুপুরে মনিটরিং করা হয় আরফা ডায়াগনস্টিক



২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ভিডিপি'র মৌলিক মহিলা প্রশিক্ষণ উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা আনসার ও ভিডিপি অফিসের উদ্যোগে মৌলিক (মহিলা) প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার (১০ সেপাটম্বর) সকালে উপজেলা আনসার ও ভিডিপি অফিস মিলনায়তনে এ প্রশিক্ষণের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোহাম্মদ খায়রুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ১০ দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন করেন। এসময় অন্যদের মধ্যে সদর উপজেলা কর্মকর্তা মুস্তাফিজুর রহমান, উপজেলা প্রশিক্ষক সাগর হোসেন, ফেরদৌসী বানু প্রমুখ উপস্থিত ছিলেন।

## দামুড়হুদা স্বাস্থ্য কমপ্লেক্সে ৪ কোটি টাকার দুর্নীতি

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গত পাঁচ বছরে প্রায় ৪ কোটি টাকার দুর্নীতি ও অনিয়মের তথ্য উঠে এসেছে। সরকারি নথিতে শত শত অপারেশন দেখানো হলেও বাস্তবে থিয়েটারে কোনো অপারেশন হয়নি। এছাড়াও মেয়াদোত্তীর্ণ ওষুধ বিতরণ, কর্মীদের মজুরি থেকে টাকা কেটে নেওয়ার অভিযোগও রয়েছে। আবাসিক মেডিকেল অফিসার ডা. ফারহানা ওয়াহিদ তানি বলেন, "অ্যানেসথেসিয়া চিকিৎসকের অভাবে গত পাঁচ বছরে অপারেশন কার্যক্রম বন্ধ রয়েছে। হাতে গোনা কিছু অপারেশন ছাড়া কিছুই হয়নি।" তবে সরকারি পরিসংখ্যান প্রতি বছর শতাধিক অপারেশন দেখায়। পরিসংখ্যানবিদ মোহাম্মদ শাহজাহান আলী বলেন, "জনবলের অভাবে অপারেশন সম্ভব নয়। স্কোর বাড়ানোর জন্য এসব তথ্য পাঠানো হয়।" ওষুধ বিতরণে অনিয়মের অভিযোগে জানা যায়, ২০২৪-২৫ অর্থবছরে ৪৬,৫০০ পিস মন্টিলুকাস্ট-১০ ট্যাবলেট বরাদ্দ দেওয়া হলেও রোগীরা তা পাননি। ফার্মাসিস্ট ফারুক হোসেন বলেন, স্টোরকিপার হুমায়ুন কবির তাকে মেয়াদোত্তীর্ণ ওষুধ বিতরণে বাধ্য করেছেন। হুমায়ুন কবির দাবি করেন, তিনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে কাজ করেছেন। আয়া ও পরিচ্ছন্নতাকর্মীদের মজুরি থেকেও মোটা অংক কাটা হয়েছে। সরকারি নথিতে আয়ার দৈনিক মজুরি ৪৫০ টাকা এবং সুইপারের ৫০০ টাকা হলেও, তাঁরা মাসে যথাক্রমে মাত্র ২,০০০ ও ৬,৫০০ টাকা পান। আয়া সেলিনা খাতুন বলেন, "মাস শেষে নগদ টাকা দেওয়া হয়, তাও খুব কম।" হাসপাতালের ভেষজ বাগানের জন্য বরাদ্দ ৩ লাখ টাকাও লোপাট হয়েছে,




২-এর পৃষ্ঠা দেখুন



## বুড়িপোতা ইউনিয়নের গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের উদ্যোগে তারুণ্যের উৎসব উপলক্ষে ওয়ার্ড ভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। বুধবার বিকেলে রাধাকান্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। বুড়িপোতা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইসমাইল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সদর

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবরঃ (১২ মামলার আসামি কথিত শিল্পপতি গ্রেফতার)

বারো মামলা বারো জেলায়
একি স্বভাব তোর
বলছে লোকে ছ্যাবলা কত
ভদ্র ছ্যিচকে চোর।
পালিয়ে বেড়িয়ে কাজ হলো না
পড়লি শেষে ধরা
জেল খাটলি মামলা খেলি
পুলিশ বড়ই কড়া ।
জাল জালিয়াতি করে তুই
আর কতকাল চলবি
সোজা পথে আসলে ভালো
নয়তো বাঁচা গ্যাড়াকলে
পড়বি।
জাবিন তোর কবে হবে
খরচা হবে তেল
আগে থেকেই হয়ে আছে
চব্বিশ মাসের জেল।



## মেহেরপুর সীমান্তে অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারি সীমান্ত থেকে অজ্ঞাত এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (১০ সেপ্টেম্বর) সন্ধ্যায় সীমান্ত পিলার ১৩০/৩ এস সংলগ্ন শূন্য রেখার কাছে থেকে মরদেহটি উদ্ধার করা হয়। মেহেরপুর সদর থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন

২-এর পৃষ্ঠা দেখুন

## গুলিতে দুই মোটরসাইকেল আরোহী আহত

সূর্যোদয় প্রতিবেদন

কিশোরগঞ্জের কুলিয়ারচরে দুর্বৃত্তদের গুলিতে দুই মোটরসাইকেল আরোহী আহত হয়েছেন। মঙ্গলবার ভোরে ভৈরব-কিশোরগঞ্জ মহাসড়কের বাগপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। আহতদের বাজিতপুরের জহুরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতরা হলেন জুনাইদ হাওলাদার (২৭) ও তাঁর চাচাতো ভাই শাহাদাৎ হাওলাদার (২০)। জুনাইদ মুন্সীগঞ্জের সিরাজদীখান উপজেলার বলবলদিয়া গ্রামের শামাল হাওলাদারের ছেলে। বাগপাড়া গ্রামের বাসিন্দা স্বপন মিয়া জানান, ভোর ছয়টার দিকে

২-এর পৃষ্ঠা দেখুন



## ২৮ পদের ২৩টিতে জয়ী শিবির

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে সহ-সভাপতি (ভিপি), সাধারণ সম্পাদক (জিএস) এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদসহ ২৮টি পদের মধ্যে ২৩টি পদেই জয়ী হয়েছেন ইসলামী ছাত্রশিবিরের প্রার্থীরা। বাকি পদগুলোতে স্বতন্ত্র ও বামপন্থী ছাত্র সংগঠনের প্যানেল থেকে জয়ী হয়েছেন। তবে একটি পদেও জিততে পারেননি ছাত্রদলসহ বাকি প্যানেলের প্রার্থীরা। ভিপি,

২-এর পৃষ্ঠা দেখুন




## ডাকসু নির্বাচন জাতীয় ভোটের প্রতিফলন নয়: মান্না

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেছেন, ডাকসু নির্বাচনকে জাতীয় ভোটের প্রতিফলন হিসেবে দেখা যাবে না। বুধবার (১০ সেপ্টেম্বর) রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ২৭ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ১১ সেপ্টেম্বর ২০২৫ইং

জীবন ধারা



## শিশুর বিছানায় প্রস্রাব: শিশুর জন্য সমস্যার ইঙ্গিত

সূর্যোদয় প্রতিবেদন

বিছানায় প্রস্রাব করা শিশুর একটি ভিন্ন আচরণ, যা নিয়ে বাবা-মা সহ অভিভাবকগণ প্রায়ই দুশ্চিন্তায় ভুগে থাকেন। ইবফ ডবঃঃরহম বলতে আমরা বুঝি অনিয়ন্ত্রিতভাবে ঘুমের মধ্যে প্রস্রাব করে দেয়া। যখন কোনো শিশু সপ্তাহে কমপক্ষে দুইবার, তিন মাস বা তার বেশি সময় ধরে বিছানায় প্রস্রাব করে, তখন এটিকে একটি চিকিৎসাসংক্রান্ত সমস্যা হিসেবে ধরা হয়। পাঁচ বছরের নিচের শিশুদের জন্য রাতের প্রস্রাব সাধারণ। তবে পাঁচ বছর পর শিশুদের মূত্রথলি নিয়ন্ত্রণ সাধারণত চলে আসে। তাই এই বয়সের পর এই সমস্যা দেখা দিলে এটি চিকিৎসার প্রয়োজন হতে পারে। সাত বছর বয়সী শিশুদের মধ্যে ৭ থেকে ১০ শতাংশই রাতের বেলা বিছানায় প্রস্রাবের সমস্যায় ভোগেন। এদের মধ্যে ৭৫% শুধুমাত্র রাতে, ২৫% দিনে ও রাতে উভয় সময়ে সমস্যায় ভোগে। ছেলে শিশুরা বেশি আক্রান্ত (৬০%)। কারণসমূহ: স্নায়ুতন্ত্রের বিকাশে দেরি, ছোট মূত্রথলি, হরমোনজনিত

৩-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে আগস্টে ৩০ জনের অপমৃত্যু, বছরের ৮ মাসে ১৪৭ জনের প্রাণহানি

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুর জেলা চলতি বছরের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত মোট ১৪৭ জনের অপমৃত্যু রেকর্ড করা হয়েছে। এর মধ্যে আগস্ট মাসেই ৩০ জনের মৃত্যুর ঘটনা ঘটেছে। আগস্টে মৃতের মধ্যে পুরুষ ২১ জন এবং নারী ৯ জন। স্থানীয় পুলিশ ও সাংবাদিক সূত্র জানিয়েছেন, মৃত্যুর কারণ হিসেবে রয়েছে, আত্মহত্যা: ১৮ জন।বিদ্যুৎস্পৃষ্ট: ৩ জন। সড়ক দুর্ঘটনা: ২ জন। পানিতে ডুবে মৃত্যু: ২ জন। বজ্রপাতে মৃত্যু: ১ জন। বৈদ্যুতিক খুঁটি চাপা পড়া: ১ জন। ঘরের দেওয়াল চাপা পড়া: ১ জন।গলায় সুজি আটকে মৃত্যু: ১ জন। সাপের কামড়ে মৃত্যু: ১ জন। সাংবাদিকদের ডায়েরি এবং সংশ্লিষ্ট থানার তথ্য অনুযায়ী আগস্ট মাসের মৃত্যু ঘটনাগুলো হলো: ৩ আগস্ট: গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া গ্রামে কৃষক শওকত আলী (৫০) বিদ্যুৎস্পৃষ্টে মারা যান। ৪ আগস্ট: সদর উপজেলার বাম-নপাড়া গ্রামের রাসেল (২৫) গাড়ি থেকে পড়ে মৃত্যুবরণ করেন।
৭ আগস্ট: সদর উপজেলার হরিরামপুর বিল থেকে মিঠু ওরফে বাবু (৪০) নামের ব্যক্তির মরদেহ উদ্ধার করা হয়।
৮ আগস্ট: গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের রামদেবপুর গ্রামে শিশু নাফিজ হোসেন (২) পানিতে ডুবে মারা যান। ৯ আগস্ট: সদর উপজেলার মদনাডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় ফায়ার সার্ভিস কর্মী নিলয় আহমেদ আকাশের মৃত্যু হয়।
১০ আগস্ট: শহরের পুলিশ লাইন পাড়ার গিয়াস উদ্দিন

৩-এর পৃষ্ঠা দেখুন



## ডাকসু বিজয়ীদের অভিনন্দন জানালেন সালাহউদ্দিন আহমেদ

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে বিজয়ী প্রার্থীদের অভিনন্দন জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। বুধবার রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এ শুভেচ্ছা জানান। সালাহউদ্দিন আহমেদ বলেন, "ডাকসুতে যারা বিজয়ী হয়েছে, তাদের অভিনন্দন জানাই। এটা গণতন্ত্রের রীতি। গণতন্ত্রের রীতি হবে সবাইকে অভিনন্দন জানাতে হবে। কিছু ত্রুটিবিচ্যুতি হয়েছে। যেহেতু বহুদিন পর নির্বাচন হয়েছে।" তিনি আরও বলেন, "আমার মতে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির ডাকসু ভোটে অংশগ্রহণ করেনি। ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটকে অভিনন্দন। ডাকসু-চাকসু যা-ই হোক, এখানকার বিজয়ীদের কেউ কেউ বড়

৩-এর পৃষ্ঠা দেখুন

## নতুন রাজনৈতিক দলের নিবন্ধন চূড়ান্ত করতে আজ ইসির বৈঠক

সূর্যোদয় প্রতিবেদন

নতুন রাজনৈতিক দলের নিবন্ধন চূড়ান্ত করার জন্য বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) নির্বাচন কমিশন (ইসি) বৈঠক করছে। ইসির উপসচিব মো. মাহবুব আলম শাহ্ স্বাক্ষরিত এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে। চিঠিতে বলা হয়েছে, বেলা সাড়ে ১১টায় নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকারের সভাপতিত্বে 'সীমানা পুনর্নির্ধারণ, রাজনৈতিক দলের নিবন্ধন, জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচন প্রস্তুতি, ভোটকেন্দ্র স্থাপন, ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও তদারকি এবং উপকারভোগী পর্যায়ে আলোচনা বিষয়ক কমিটি'র ১৩তম সভা অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচিতে নতুন রাজনৈতিক দলের নিবন্ধনসহ বিবিধ বিষয় রয়েছে। ইসির ঘোষিত রোডম্যাপ

৩-এর পৃষ্ঠা দেখুন



## এনসিপির কেন্দ্রীয় কমিটি থেকে সাবেক দুই সেনা কর্মকর্তার পদত্যাগ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় কমিটি থেকে পদত্যাগ করেছেন সাবেক দুই সেনা কর্মকর্তা। বুধবার রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন তারা। পদত্যাগপত্র আগে এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলামের কাছে জমা দেওয়া হয়েছিল বলে জানানো হয়। পদত্যাগকারী দুই কর্মকর্তার মধ্যে রয়েছেন এনসিপির যুগ্ম মুখ্য সংগঠক মেজর (অব.) আবদুল্লাহ আল মাহমুদ এবং কেন্দ্রীয় সদস্য মেজর (অব.) মো. সালাউদ্দিন। সংবাদ সম্মেলনে মেজর (অব.)

৩-এর পৃষ্ঠা দেখুন

## এশিয়া কাপে বাংলাদেশের শক্তি ও দুর্বলতা: ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদন

সূর্যোদয় প্রতিবেদন

মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) থেকে শুরু হয়েছে এশিয়া কাপ, যেখানে এশিয়ার সেরা ৮টি দল প্রতিদ্বন্দ্বিতা করছে। টুর্নামেন্ট শুরুর আগে ভারতীয় গণমাধ্যম সংবাদ প্রতিদিন প্রতিটি দেশের সম্ভাবনা ও শক্তি-দুর্বলতা নিয়ে বিশেষ প্রতিবেদন প্রকাশ করছে। মঙ্গলবার বাংলাদেশের স্কোয়াড নিয়ে প্রকাশিত সেই প্রতিবেদনের মূল বিষয়গুলো তুলে ধরা হলো। বাংলাদেশ দলের প্রধান শক্তি হলো পেস বিভাগ। তাসকিন, তানজিম সাকিবরা সাম্প্রতিক সময়ে নতুন বলে ভালো ফর্মে আছেন। মোস্তাফিজুর রহমান মাঝের ওভার ও ডেথ ওভারে কার্যকরী ভূমিকা রাখতে পারেন। এছাড়া স্পিন বিভাগেও রিশাদ হোসেন এবং মাহেদি হাসান আছে, যারা প্রয়োজনে ব্যাটিং-এও অবদান রাখতে সক্ষম। লিটন দাসের নেতৃত্বে টাইগাররা সাম্প্রতিক ফর্মে ভালো

৩-এর পৃষ্ঠা দেখুন



## ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপের সম্ভাব্য সময়সূচি প্রকাশ

সূর্যোদয় প্রতিবেদন

২০২৬ সালে অনুষ্ঠিত হতে যাচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপের নতুন আসর, যা প্রথমবারের মতো যৌথভাবে আয়োজিত হবে ভারত ও শ্রীলংকায়। ক্রিকেটভিত্তিক আন্তর্জাতিক সংবাদপোর্টাল ইএসপিএনক্রিকইনফো সম্ভাব্য সময়সূচি প্রকাশ করেছে। এই সূচি অনুযায়ী, টুর্নামেন্ট শুরু হতে পারে ৭ ফেব্রুয়ারি এবং শেষ হতে পারে ৮ মার্চের মধ্যে। বিশ্বকাপের ম্যাচগুলো ভারতের পাঁচটি ভেন্যু এবং শ্রীলংকার দুটি ভেন্যুতে অনুষ্ঠিত হবে। বিশেষ আলোচ্য বিষয় হলো ফাইনাল ম্যাচের আয়োজন। ফাইনালের স্থান নির্ধারণ করা হবে ফাইনালে খেলোয়াড় দুই দলের ভিত্তিতে। পাকিস্তান যদি ফাইনালে উঠে, তবে ম্যাচটি হবে কলম্বোতে, অন্যথায় আহমেদাবাদে অনুষ্ঠিত

৩-এর পৃষ্ঠা দেখুন



## চীন-ভারতের ওপর ১০০% শুল্ক বসাতে ইইউ'কে ট্রাম্পের আহ্বান

সূর্যোদয় প্রতিবেদন

ইউক্রেন যুদ্ধ থামানোর জন্য রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে চাপে ফেলতে চীন ও ভারতের ওপর সর্বোচ্চ ১০০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপে ইউরোপীয় ইউনিয়নকে (ইইউ) আহ্বান জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইউক্রেনে রাশিয়ার যুদ্ধ বন্ধ

৩-এর পৃষ্ঠা দেখুন

## পোল্যান্ডে রুশ ড্রোন অনুপ্রবেশে ইউরোপীয় নেতাদের তীব্র প্রতিক্রিয়া

সূর্যোদয় প্রতিবেদন

পোল্যান্ডের আকাশসীমায় রাশিয়ার ড্রোন অনুপ্রবেশকে ইউরোপীয় নেতারা ন্যাটো নিরাপত্তার জন্য সরাসরি হুমকি হিসেবে চিহ্নিত করেছেন। এ ঘটনায় তারা তীব্র ক্ষোভ প্রকাশ করে মস্কোর বিরুদ্ধে আরও কঠোর পদক্ষেপের ইঙ্গিত দিয়েছেন। ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার এক বিবৃতিতে বলেন, "ইউক্রেনে বর্বরোচিত হামলা এবং ন্যাটোর আকাশসীমায় রাশিয়ার নজিরবিহীন অনুপ্রবেশ ভয়ংকর ও অগ্রহণযোগ্য।" তিনি একে প্রেসিডেন্ট পুতিনের শান্তির প্রতি

৩-এর পৃষ্ঠা দেখুন



## মণিপুরে মোদির সফরের আগে বিজেপিতে বড় ভাঙন

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘ ২৯ মাসের রক্তক্ষয়ী সংঘাতের পর মণিপুরে আসছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রাজ্যের মাটিতে এটি তার প্রথম সফর। তবে সেই সফরের ঠিক আগে বিজেপিতে দেখা দিল বড় ধাক্কা। রাজ্যের প্রভাবশালী তিন নেতা শাসকদল ত্যাগ করে কংগ্রেসে যোগ দিয়েছেন। ওয়াই সুরচন্দ্র সিং, এল রাধাকিশোর সিং ও উত্তমকুমার নিঙ্গথৌজামড়

৩-এর পৃষ্ঠা দেখুন

## নতুন উপরাষ্ট্রপতি পাচ্ছে ভারত

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের পরবর্তী উপরাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ শেষ হয়েছে। লোকসভা ও রাজ্যসভার সাংসদদের অংশগ্রহণে হওয়া এ ভোটেই নির্ধারিত হবে সদ্য পদত্যাগ করা উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের উত্তরসূরি। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাজতন্ত্র থেকে গণতন্ত্র: নেপালে কেন বারবার সরকার পতন হচ্ছে

সূর্যোদয় প্রতিবেদন

রাজতন্ত্র থেকে গণতন্ত্রে উত্তরণের পরও রাজনৈতিক অস্থিরতায় জর্জরিত নেপাল। গণতন্ত্র প্রতিষ্ঠার পর গত ১৫ বছরে দেশটিতে ১৩ বার সরকার পরিবর্তন হয়েছে। বারবার সরকার পতনের এ ধারাবাহিকতা দেশটির জনগণ, রাজনীতিবিদ ও প্রতিবেশী দেশগুলোর কাছে এক জটিল ধাঁধায় পরিণত হয়েছে। দীর্ঘ সময় শাহ রাজবংশের শাসনে থাকা নেপালে নব্বইয়ের দশকে শুরু হয় গণতান্ত্রিক আন্দোলন। ১৯৯০ সালের 'জন আন্দোলন'-এর মাধ্যমে সাংবিধানিক

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## এআই নিয়ন্ত্রণে বিশ্বব্যাপী যৌথ কাঠামোর তাগিদ

সূর্যোদয় প্রতিবেদন



কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির দ্রুত অগ্রগতির ফলে এটি নিয়ন্ত্রণে বিশ্বব্যাপী একটি সমন্বিত কাঠামো তৈরি করা জরুরি হয়ে পড়েছে বলে তাগিদ দিয়েছেন জাতিসংঘের শীর্ষ প্রযুক্তি কর্মকর্তা ডরিন বগদান-মার্টিন। জেনেভায় জাতিসংঘের ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) প্রধান বগদান-মার্টিন বলেন, ভিন্ন ভিন্ন ও খণ্ডিত পন্থা গ্রহণ করলে এআই ব্যবস্থাপনায় ঝুঁকি ও বৈষম্য আরও বৃদ্ধি পেতে পারে।
তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, সঠিক ব্যবস্থাপনা হলে এআই মানবজাতির জন্য কল্যাণ বয়ে আনতে পারে। তবে তার সঙ্গে রয়েছে চাকরি হারানো, ভুয়া ভিডিও (ডিপফেইক), ভুল তথ্য ছড়িয়ে দেওয়ার সম্ভাবনা এবং সামাজিক অস্থিরতা বৃদ্ধির মতো উদ্বেগ। বগদান-মার্টিন জানান, "একটি সঠিক বৈশ্বিক কাঠামো তৈরি করা এখন অত্যন্ত জরুরি।" এ মন্তব্য এমন সময়ে এসেছে, যখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কম-বিধিনিষেধ নির্ভর একটি আগ্রাসী এআই কৌশল ঘোষণা করেছেন, যার লক্ষ্য যুক্তরাষ্ট্রকে চীনের তুলনায় এগিয়ে রাখা। প্রকাশিত ৯০টির বেশি প্রস্তাবে বলা হয়েছে, এআই উন্নয়নে বেসরকারি

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ১১ সেপ্টেম্বর ২০২৫ ইং

## কৃষকের সুরক্ষা নিশ্চিত হোক

বাংলাদেশের কৃষি আজ যে অবস্থানে পৌঁছেছে, তার বড় অবদান লাখো পরিশ্রমী কৃষকের। অথচ দুঃখজনক সত্য হলো, তারাই সবচেয়ে বেশি অবহেলিত স্বাস্থ্যঝুঁকির শিকার হচ্ছেন। মেহেরপুরসহ দেশের বিভিন্ন অঞ্চলের কৃষকেরা সুরক্ষাসামগ্রী ছাড়াই জমিতে কীটনাশক প্রয়োগ করছেন। ফলে প্রতিদিনই কন্টাক্ট পয়জনিংয়ে আক্রান্ত হয়ে হাসপাতালে যেতে হচ্ছে অসংখ্য কৃষককে। চিকিৎসকরা সতর্ক করছেন, দীর্ঘদিন এভাবে চলতে থাকলে কৃষকেরা ফুসফুসের ক্যানসার, অ্যাপ্লাস্টিক অ্যানিমিয়া কিংবা চামড়ার ক্যানসারের মতো ভয়াবহ রোগে আক্রান্ত হতে পারেন।

গ্রামের কৃষকেরা অভিযোগ করেছেন, এ বিষয়ে তাদের পর্যাপ্ত সচেতন করা হয় না। সুরক্ষাসামগ্রী ব্যবহারের প্রয়োজনীয়তা সম্পর্কে কৃষি বিভাগ পর্যাপ্ত উদ্যোগ নেয়নি। এ ছাড়া উচ্চমূল্যের কারণে নিজেরা সচেতন হলেও মাস্ক, গ্লাভস বা চোখ রক্ষার চশমা কিনে ব্যবহার করা অনেকের পক্ষেই সম্ভব হয় না। ফলে বিষপ্রয়োগের পর শ্বাসকষ্ট, মাথাব্যথা ও বমি বমি ভাবের মতো উপসর্গকে তারা নিত্যদিনের অংশ মনে করে নিয়েছেন।

আমরা মনে করি, এ অবস্থার দ্রুত সমাধান জরুরি। কৃষি বিভাগের উচিত সচেতনতামূলক কর্মসূচি জোরদার করা। মাঠপর্যায়ে প্রশিক্ষণ, প্রচারপত্র বিতরণ ও সরাসরি কৃষকদের বোঝানো প্রয়োজন। পাশাপাশি সরকারের পক্ষ থেকে সুরক্ষাসামগ্রী সহজলভ্য ও সুলভ দামে সরবরাহের ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে ভর্তুকি দিয়ে হলেও কৃষকদের স্বাস্থ্য রক্ষা নিশ্চিত করতে হবে। কৃষিই আমাদের অর্থনীতির মেরুদণ্ড। এই মেরুদণ্ড রক্ষায় কৃষকের সুস্থতা ও নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। অবহেলা বা দেরি করলে ভয়াবহ স্বাস্থ্যঝুঁকি ও কৃষি উৎপাদন ব্যবস্থার ক্ষতি দুটোই আমাদের সামলাতে হবে। তাই এখনই কার্যকর পদক্ষেপ নিতে হবে।

## কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবা : মেহেরপুরের গ্রমীণ জনজীবনের বাস্তবতা

মোঃ জাহিদুল ইসলাম



স্বাস্থ্যই সকল সুখের মুল। সুস্থ্য থাকা মানে শুধুমাত্র রোগমুক্ত থাকা নয় বরং শারীরিক, মানসিক, সামাজিক ও আত্মিকভাবেও ভাল থাকা। এই লক্ষ্য পূরণের জন্য কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা করা হয়। কমিউনিটি ক্লিনিক ধারণা হলো গ্রামীণ, প্রান্তিক, দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষের নিকটে প্রাথমিক স্বাস্থ্যসেবা, পরিবার পরিকল্পনা এবং প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়া। বাংলাদেশে ২০০০ সাল থেকে কমিউনিটি ক্লিনিকগুলো গ্রামীণ ও প্রান্তিক মানুষগুলোর স্বাস্থ্য সেবার জন্য কাজ করে যাচ্ছে। দেশের প্রত্যন্ত অঞ্চলের ৭০ শতাংশের বেশি মানুষ ইউনিয়ন পর্যায়ে নির্মিত কমিউনিটি ক্লিনিকের ওপর নির্ভরশীল। মেহেরপুর জেলায় ৭২ টি কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্যসেবায় নিয়োজিত আছে। বিভিন্ন গণমাধ্যমের তথ্য অনুযায়ী বিগত ৬ মাস ধরে মেহেরপুরের কমিউনিটি ক্লিনিকগুলোতে ঔষুধ সরবরাহ বন্ধ রয়েছে। ফলে ব্যাহত হচ্ছে গ্?গ্রামীন স্বাস্থ্য সেবা। কমিউনিটি ক্লিনিকগুলোতে একসময় প্রায় ৩২ ধরনের ওষুধ সরবরাহ করা হতো কিন্তু বর্তমানে ঔষুধের ঘাটতির কারণে বেশ কিছু ধরণ কমিয়ে দেওয়া হয়েছে এতে সার্বিক স্বাস্থ্য ব্যবস্থার উপরে নেতিবাচক প্রভাব পড়ছে। এছাড়া বিনামূল্যে চিকিৎসা করানোর নিয়ম থাকলে?ও টাকা নিয়ে ঔষধ? দেওয়ার অভিযোগ আছে। সম্প্রতি প্রকাশিত একটা জরীপের ফলাফলে দেশের ৯৭ শতাংশ জনগণ প্রাথমিক স্বাস্থ্যসেবা বিনামূল্যে পাওয়ার পক্ষে মত প্রকাশ করেছেন। একই সঙ্গে ৭২ শতাংশ অংশগ্রহণকারী রেফারেল সিস্টেম বাস্তবায়নের জন্য দাবি জানিয়েছেন। যার মাধ্যমে প্রাথমিক চিকিৎসা পাওয়ার পর গুরুতর রোগীদের উন্নত সেবার জন্য বিশেষায়িত হাসপাতালে রেফার করা হবে। কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা নিতে যাওয়া রোগীদের মধ্যে প্রধানত গর্ভবতী, ডেলিভারি, প্রসূতি ও বয়স্ক মহিলা, বয়স্ক ও অসুস্থ্য পুরুষ ও মহিলা এবং যাদের পরিবারে কোন আয় উপার্জন নেই। বিবিএস এর তথ্য অনুসারে মেহেরপুর জেলার দারিদ্র্যের হার ৯.৮ শতাংশ(সূত্র প্রথম আলো ৩১ জানুয়ারি ২০২৫)। জাতিসংঘ ঘোষিত ২০৩০ সালের মধ্যে সার্বজনীন স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য জেলা প্রশাসন,? উপজেলা প্রশাসন, সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ ইত্যাদিকে মেহেরপুর জেলার গ্রামীণ ও প্রান্তিক মানুষগুলোর স্বাস্থ্য সেবা নিশ্চিত ও উন্নত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠা করার জন্য কঠোর মনিটরিং ব্যবস্থা, সরাসরি পরিদর্শন, পর্যাপ্ত ঔষধ সরবরাহের জন্য নিরলসভাবে কাজ করতে হবে। যাতে স্বাস্থ্য সেবা বাস্তবায়নের ক্ষেত্রে এসডিজি ২০৩০ অর্জন শতভাগ সফল হয়। রাজনৈতিক ব্যক্তিত্ব ও জনপ্রতিনিধি, বিভিন্ন স্তরে চাকুরিরত সরকারি কর্মকর্তা, সমাজসেবক ও সচেতন মহলকেও একই সাথে এগিয়ে আসতে হবে। তাহলেই মেহেরপুর জেলার প্রতিটি অসহায় মানুষকে স্বাস্থ্য সেবা খুব সহজেই তাদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া সম্ভব হবে। (লেখক : ইনডিপেনডেন্ট রিসার্চার, ঢাকা)

# অন্যের জীবন রক্ষার জন্য রক্তদান বৈধ

জাহেদুল ইসলাম

ইসলামে মানব জীবন রক্ষাকে সর্বাগ্রে গুরুত্ব দেওয়া হয়েছে। বিশেষজ্ঞদের মতে, জরুরি পরিস্থিতিতে মুসলিমের শরীরে অমুসলিমের রক্ত প্রবেশ করানো বা মুসলিমের পক্ষ থেকে অমুসলিমকে রক্ত দেওয়া কোনোভাবেই নিষিদ্ধ নয়। মানুষের প্রতি উদার মনোভাবই ইসলামের শিক্ষা। অমুসলিমরা বিশ্বাসগতভাবে আলাদা হলেও শারীরিকভাবে তারা অপবিত্র নয়। তাই তাদের রক্ত ব্যবহার করা বৈধ। তবে যদি মুসলিম রক্ত পাওয়া যায়, তা গ্রহণ করা উত্তম বলে ফিকহি দৃষ্টিকোণে বিবেচিত। মুফতি শফি রহ. উল্লেখ করেছেন, রক্ত মানবদেহের অঙ্গবিশেষ। দেহ থেকে বের হওয়া রক্ত নাপাক হয়ে যায়, তাই স্বাভাবিক অবস্থায় রক্তদান নিষিদ্ধ। তবে চিকিৎসার প্রয়োজন হলে এবং রোগীর জীবন রক্ষার জন্য রক্তদান বৈধ। ইনজেকশনের মাধ্যমে রক্ত দান সহজে এবং নিরাপদভাবে করা যায়, কাটা-ছেঁড়া ছাড়া। তাদের ব্যাখ্যা অনুযায়ী, যেমন মায়ের দুধ শিশুর শরীরে প্রবেশ করে শিশুর বিকাশে সহায়ক, তেমনি রক্তও অন্যের দেহে প্রবেশ করে জীবন রক্ষায় কার্যকর ভূমিকা রাখে। এ কারণে অভিজ্ঞ ডাক্তারের পরামর্শে কোনো মানুষের প্রাণ রক্ষার জন্য রক্তদান ইসলামিকভাবে বৈধ। তবে রক্ত বিক্রি করা কখনোই বৈধ নয়। ইসলামের দৃষ্টিকোণে এটি মানবিক দায়িত্ব এবং সামাজিক কর্তব্য হিসেবে গণ্য হয়।

## “কমিটি ছাড়াই শেখ হাসিনাকে

(প্রথম পৃষ্টার পর)

সফল করেছেন। অথচ এখন ষড়যন্ত্রকারীরা সত্যিকারের ত্যাগী নেতাদের অবমূল্যায়ন করছে। জাহাঙ্গীর বিশ্বাস অভিযোগ করেন, “গতকাল মহিলা দলের নামে পার্কে একটি সমাবেশ হয়েছে, যা প্রকৃতপক্ষে বিএনপির কর্মসূচি ছিল না; বরং ফরহাদ হোসেন দোদুলের সমাবেশ ছিল। আওয়ামী লীগের ছায়া এখনও বিএনপির ওপর ভর করছে। যারা নতুন কমিটি বানিয়ে বিএনপিকে বিভক্ত করতে চাইছে, তারা আসলে চাঁদাবাজি আর ঠিকাদারির মাধ্যমে দলকে কলঙ্কিত করছে।” আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুন নেসা নয়ন। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম। এছাড়া জেলা ও উপজেলা মহিলা দলের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## জোনাল অফিসে কোটি টাকার

(প্রথম পৃষ্টার পর)

তাঁর বিল ৫০০ থেকে ১ হাজার টাকার মধ্যে আসত, চলতি আগস্ট মাসে হঠাৎ ৩০ হাজার ৬৮৪ টাকা বিল এসেছে। অভিযোগ জানাতে গেলে অফিস থেকে বলা হয়েছে, “বিল ঠিক আছে, কিস্তিতে পরিশোধ করুন।”

সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক প্যানেল চেয়ারম্যান বিএনপি নেতা আব্দুল খালেক বলেন, “আমার গ্রামের প্রায় ১০০ জন গ্রাহক ডাবল বিলের অভিযোগ করেছেন। ১ হাজার টাকার পরিবর্তে এসেছে ৭ হাজার, আবার ৭০০ টাকার স্থলে ১৬০০ টাকা।” তিনি আগস্ট মাসের বিল সংগ্রহ বন্ধ রেখে তদন্তের দাবি জানিয়েছেন। অভিযোগের বিষয়ে জানতে চাইলে গাংনী জোনাল অফিসের ডিজিএম বিজয় চন্দ্রকুন্ডু বলেন, “মিটার রিডিংয়ে আমাদের স্টাফদের ভুল হতে পারে। লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে। ইতিমধ্যে কয়েকজনের বিরুদ্ধে তদন্ত চলছে।” তবে অতিরিক্ত বিল প্রসঙ্গে তিনি জানান, গ্রাহক চাইলে কিস্তিতে পরিশোধ করতে পারবেন এবং পরের মাসে সমন্বয় করা হবে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, “এখনও আমাদের কাছে কোনো লিখিত অভিযোগ আসেনি। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।”

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, “অতিরিক্ত বিলের বিষয়ে গ্রাহকরা লিখিত অভিযোগ দিলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।” ভুতুড়ে বিলের ঘটনায় গাংনী ও আশপাশের এলাকায় গ্রাহকদের মধ্যে তীব্র ক্ষোভ ও আতঙ্ক বিরাজ করছে। অনেকেই মনে করছেন, ইচ্ছাকৃতভাবে এ ধরনের অনিয়ম করে বর্তমান সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার চেষ্টা চলছে।

## কাতারে ইসরায়েলি আগ্রাসন

(প্রথম পৃষ্টার পর)

রয়েছে। এ ধরনের কার্যক্রম বিশ্বব্যাপী শান্তি ও নিরাপত্তা নিশ্চিতের প্রচেষ্টাকে দুর্বল করে।” বাংলাদেশ আন্তর্জাতিক সম্প্রদায়কে, বিশেষ করে জাতিসংঘ ও সংশ্লিষ্ট পক্ষগুলোকে, ইসরায়েলকে জবাবদিহির আওতায় আনার জন্য কার্যকর পদক্ষেপ নিতে আহ্বান জানিয়েছে। একইসঙ্গে আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ সনদের প্রতি সম্মান বজায় রাখতে এবং ভবিষ্যতে এ ধরনের হামলা প্রতিরোধে উদ্যোগী হওয়ার আহ্বান জানানো হয়েছে। কাতারে ইসরায়েলের এই সামরিক পদক্ষেপকে কেন্দ্র করে আন্তর্জাতিক অঙ্গনে নতুন করে উদ্বেগ দেখা দিয়েছে। বিভিন্ন পর্যবেক্ষক মনে করছেন, এর ফলে মধ্যপ্রাচ্যের ভূরাজনৈতিক উত্তেজনা আরও তীব্র হতে পারে।

## মেহেরপুরে ‘স্বপ্ন দেখো, জীবন গড়ো’

(প্রথম পৃষ্টার পর)

এবং প্রথম আলো যৌথভাবে ‘স্বপ্ন দেখো, জীবন গড়ো’ শ্লোগানে এই অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানের আগে শিক্ষার্থীরা আমন্ত্রণপত্র দেখিয়ে ক্রেস্ট ও স্ন্যাকস সংগ্রহ করেন। দুই শতাধিক শিক্ষার্থী ও অভিভাবক উপস্থিতিতে কমিউনিটি সেন্টার উৎসবমুখর হয়ে ওঠে। অনুষ্ঠানের শুরুতে রাজধানীর সাম্প্রতিক বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

প্রধান অতিথি ও পৌর কলেজের সাবেক অধ্যক্ষ একরামুল আজিম বলেন, “এসএসসি পাসের পরই শিক্ষার প্রকৃত যাত্রা শুরু হয়। প্রকৃত শিক্ষার্থী বিনয়ী, মানবিক ও সৎ গুণসম্পন্ন মানুষ হয়ে ওঠে। কৃতী শিক্ষার্থীরা সততার মাধ্যমে দেশের উন্নতিতে অবদান রাখবে।” মেহেরপুর সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম বলেন, “সততা হলো সাফল্যের প্রধান শর্ত। প্রথমে আমরা নিজেদের সৎ মানুষ হিসেবে গড়ে তুলবো, তারপরই সকল ক্ষেত্রে সফলতা আসবে।” কৃতী শিক্ষার্থী হাসান মাহমুদ বলেন, “সংবর্ধনা অনুষ্ঠানে এসে নিজের ধারণা আরও মজবুত হলো। সৎ মানুষ হতে হলে আমাদের কী করতে হবে তা জানার সুযোগ পেলাম। ভবিষ্যতে উচ্চতর শিক্ষায় এ পাঠগুলো কাজে লাগবে।”

অনুষ্ঠান সঞ্চালনা করেন বন্ধুসভার সদস্য এন্ড্রিয়া সরকার। স্বাগত বক্তব্য দেন প্রথম আলোর মেহেরপুর প্রতিনিধি আবু সাঈদ। প্রথম আলোর নিজস্ব প্রতিনিধি আজাদুর রহমান শিক্ষার্থীদের মিথ্যা, মুখস্থ ও মাদককে ‘না’ বলার অঙ্গীকার করান। এরপর বন্ধুসভার উপদেষ্টা সাব্বির হোসেনের নেতৃত্বে সমবেত নৃত্য পরিবেশন হয়। কুইজ প্রতিযোগীতায় বিজয়ী ১০ জন শিক্ষার্থীকে বই উপহার দেওয়া হয়। সমাপনি বক্তব্য দেন বন্ধুসভার সভাপতি ও সরকারি মহিলা কলেজের উপাধক্ষ্য আব্দুল্লাহ আল আমিন।

## মেহেরপুর সীমান্তে অজ্ঞাত ব্যক্তির

(প্রথম পৃষ্টার পর)

জানান, স্থানীয়দের খবরের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, নিহত ব্যক্তি মানসিক ভারসাম্যহীন ছিলেন। স্থানীয়রা জানিয়েছেন, কয়েকদিন ধরে তাকে ওই এলাকায় ঘোরাফেরা করতে দেখা গেছে। তিনি আরও বলেন, মৃত ব্যক্তির পরিচয় শনাক্তের প্রক্রিয়া চলছে। মরদেহ ময়নাতদন্তের জন্য ২৫০ শয্যা বিশিষ্ট মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

## নিরাময় ক্লিনিক অপারেশন থিয়েটারে

(প্রথম পৃষ্টার পর)

সেন্টার ও নিরাময় ক্লিনিক। অভিযানে নিরাময় ক্লিনিকের লাইসেন্স নবায়ন না থাকা, অপারেশন থিয়েটারে মেয়াদোত্তীর্ণ ঔষধ ব্যবহার, এবং পর্যাপ্ত জনবল না থাকাসহ নানা অনিয়ম ধরা পড়ে। এ কারণে ক্লিনিক মালিককে ১০ হাজার টাকা জরিমানা করা হয় এবং তা আদায়ও সম্পন্ন হয়েছে।অন্যদিকে, আরফা ডায়াগনস্টিক সেন্টারে এক্স-রে মেশিন ব্যবহার না করার নির্দেশনা দেওয়া হয়েছে।

## দামুড়হুদা স্বাস্থ্য কমপ্লেক্সে ৪ কোটি

(প্রথম পৃষ্টার পর)

বাগানের কোনো চিহ্ন নেই। দুর্নীতিতে জড়িতদের মধ্যে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. হেলেনা আক্তার নিপা, সাবেক বড়বাবু হাসান আহমেদ, বর্তমান স্টোরকিপার হুমায়ুন কবির এবং সাবেক স্বাস্থ্য কর্মকর্তা ডা. আবু হেনা মোস্তফা জামালুএর নাম উঠেছে। চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, “অপারেশনের তথ্যে বিশাল অসঙ্গতি রয়েছে।” সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দীন আহমেদ জানান, তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

## বুড়িপোতা ইউনিয়নের গোল্ডকাপ

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, সাবেক চেয়ারম্যান আব্দুর রউফ মুকুল এবং সাবেক ছাত্রনেতা সাইফুল ইসলাম। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। উদ্বোধনী অনুষ্ঠানে ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন, বুড়িপোতা ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা সানোয়ার হোসেন, ইউপি সদস্য শাহাদাত হোসেন, সার্থক আলি, চঞ্চল, আমপারা খাতুন, দবীর উদ্দিন, রফিকুল ইসলাম ও প্রধান শিক্ষক আশরাফুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

## দীলতপুরে আধিপত্যের সংঘর্ষে দুজন

(প্রথম পৃষ্টার পর)

আহত আরও চারজনকে স্থানীয় হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে। নিহত সারফান সর্দারের মেয়ে মিম খাতুন অভিযোগ করেন, “রাতে বাড়ি থেকে ডেকে নিয়ে পাশের একটি বাগানে আমার বাবাকে পা কেটে ও গলা কেটে হত্যা করেছে প্রতিপক্ষরা।” দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলাইমান শেখ জানান,

“আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষে সর্দার গ্রুপের দুজন নিহত হয়েছেন। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পাশাপাশি সেনাবাহিনী টহল দিচ্ছে। রাতেই চারজনকে জিজ্ঞাসাবাদের জন্য আনা হয়েছে।”

## ডাকসু নির্বাচন জাতীয় ভোটের

(প্রথম পৃষ্টার পর)

ইউনিটিতে গণতন্ত্র মঞ্চ আয়োজিত ‘বাংলাদেশের গণতান্ত্রিক উত্তরণ: সংস্কার বাস্তবায়নের পথরেখা’ শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। মান্না বলেন, “এই ভোট (ডাকসু নির্বাচন) জাতীয় নির্বাচনে প্রতিফলিত হবে না। আমি দু’বার ডাকসুর ভিপি হয়েছি। ছাত্রদের মধ্যে আমি খুব জনপ্রিয় ছিলাম। কিন্তু আমার রাজনৈতিক দল তো ক্ষমতায় আসতে পারেনি। তাই ডাকসুতে জিতলেই যে জাতীয় রাজনীতিতে বড় কিছু করা সম্ভব হবে, তা নয়।” তিনি আরও বলেন, “আমি দেখছি, গুপ্ত রাজনীতি করেও জামায়াত-শিবির সংগঠিত থেকেছে। তারা আওয়ামী লীগের ভেতরে, ছাত্রলীগের ভেতরে প্রবেশ করেছে। মামলা করেছে, গালাগালি করেছে, কিন্তু লড়াই থেকে পিছিয়ে যায়নি। এভাবেই তারা টিকে থেকে আবার সুযোগ পেয়েছে এবং নির্বাচনে জিতেছে। রাজনীতি আসলে কঠিন সংগ্রাম ও বুদ্ধিবৃত্তির লড়াই। একেবারে হালকাভাবে রাজনীতিকে নেওয়া যায় না।” জামায়াত-শিবির প্রসঙ্গে মান্না বলেন, “আজ থেকে ৩০-৫০ বছর আগে এমন একটি রাজনৈতিক দল মাথা উঁচু করে দাঁড়াবার সাহস পেত না। অথচ এখন তারা মাথা উঁচু করে সামনে আসছে এবং বড় বড় রাজনৈতিক শক্তিকেও চ্যালেঞ্জ জানাচ্ছে।” আলোচনা সভায় আরও বক্তব্য দেন ভাষানী জনশক্তি পার্টির মুখপাত্র আবদুল কাদির, মহাসচিব আবু ইউসুফ সেলিম, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির আকবর খান, জাতীয় সমাজতান্ত্রিক দলের ভাইস প্রেসিডেন্ট সিরাজ মিয়া, রাষ্ট্র সংস্কার আন্দোলনের মিডিয়া ও প্রচার সমন্বয়ক সৈয়দ হাসিবউদ্দীন হোসেন, গণসংহতি আন্দোলনের নির্বাহী সমন্বয়কারী আবুল হাসান রুবেল, জেএসডির সাধারণ সম্পাদক শহীদ উদ্দিন মাহমুদ স্বপন, বাংলাদেশ বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুর রহমান প্রমুখ।

## ২৮ পদের ২৩টিতে জয়ী শিবির

(প্রথম পৃষ্টার পর)

জিএস এবং এজিএস বাদে ডাকসুর ১২টি সম্পাদকীয় পদের মধ্যে ৯টিতে ছাত্রশিবির সমর্থিত প্যানেলের প্রার্থীরা জয়ী হয়েছেন। বাকি তিনটি পদে স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন। সহ-সভাপতি (ভিপি), সাধারণ সম্পাদক (জিএস) ও সহসাধারণ সম্পাদকপদসহ (এজিএস) ডাকসুতে পদ আছে ২৮টি। এর মধ্যে সদস্যপদ ১৩টি। ভিপি পদে বিজয়ী হয়েছেন আবু সাদিক কায়েম, জিএস পদে এস এম ফরহাদ এবং এজিএস পদে মুহা. মহিউদ্দীন খান।এছাড়া মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে ফাতেমা তাসনিম জুমা, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে ইকবাল হায়দার, কমন রুম রিডিং রুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে উম্মে ছালমা, আন্তর্জাতিক সম্পাদক পদে জসীমউদ্দিন খান, ক্রীড়া সম্পাদক পদে আরমান হোসেন, ছাত্র পরিবহন সম্পাদক পদে আসিফ আব্দুল্লাহ, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদক পদে মাজহারুল ইসলাম, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে এম এম আল মিনহাজ এবং মানবাধিকার ও আইন বিষয়ক সম্পাদক পদে মো. জাকারিয়া জয়ী হয়েছেন। তিন পদে সতন্ত্র পর্থী জয়ী হয়েছেন তারা হলো, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে মুসাদ্দিক আলী ইবনে মোহাম্মদ, গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে সানজিদা আহমেদ তন্বি এবং সমাজসেবা সম্পাদক-যুবাইর বিন নেছারী জয়ী হয়েছেন। সদস্য পদে ১৩টির মধ্যে ১১টিতে জয়ী হয়েছেন ছাত্রশিবির সমর্থিত প্যানেলের সদস্যরা। একটিতে জয়ী হয়েছেন স্বতন্ত্র প্রার্থী। অন্যটিতে জয়ী বাম-সমর্থিত প্রার্থী। ছাত্রশিবিরের প্যানেল থেকে জয়ী হলেন- সাবিকুন নাহার তামান্না, সর্ব মিত্র চাকমা, আফসানা আক্তার, রায়হান উদ্দীন, তাজিনুর রহমান, ইমরান হোসাইন, মিফতাহুল হোসাইন আল-মারুফ, মো. রাইসুল ইসলাম, শাহীনুর রহমান, আনাস ইবনে মুনির এবং মো. বেলাল হোসেন অপু। এছাড়া সাত বাম ছাত্র সংগঠনের প্যানেল ?প্রতিরোধ পর্ষদ থেকে জয়ী হয়েছেন হেমা চাকমা এবং স্বতন্ত্র প্রার্থী হিসেবে জয়ী হয়েছেন উম্মা উসওয়াতুন রাফিয়া।

## গুলিতে দুই মোটরসাইকেল আরোহী

(প্রথম পৃষ্টার পর)

তাঁর ব্যবসা প্রতিষ্ঠানের সামনে মহাসড়কে দুই মোটরসাইকেল আরোহীকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন তিনি। প্রথমে দুর্ঘটনা ভেবে তাঁদের কাছে এগিয়ে যান। পরে কাছেই তিনজন আরোহীসহ আরেকটি মোটরসাইকেল দাঁড়িয়ে থাকতে দেখেন। লোকজন জড়ো হতে শুরু করলে ওই মোটরসাইকেলটি দ্রুত কিশোরগঞ্জের দিকে চলে যায়। প্রত্যক্ষদর্শী জীবন মিয়া, স্থানীয় এক পোলট্রি ব্যবসায়ী, বলেন, আহতরা জানান, তারা দুর্বৃত্তদের গুলিতে আক্রান্ত হয়েছেন। একজনের পায়ের গোড়ালি ও অপরজনের নিতম্বে গুলি লেগেছে। মোটরসাইকেলেও রক্তের দাগ ছিল। আহত জুনাইদ জানায়, তিন দিন আগে তিনি শ্বশুরবাড়ি বেড়াতে কুলিয়ারচর উপজেলার আলী আকবরী গ্রামে আসেন। মঙ্গলবার ভোরে চাচাতো ভাইকে নিয়ে মুন্সীগঞ্জে ফেরার পথে বাজরা বাসস্ট্যান্ড এলাকায় একটি মোটরসাইকেলের তিন আরোহী তাদের থামতে ইশারা করে। ছিনতাইকারী ভেবে তিনি গতি বাড়ালে দুর্বৃত্তরা পেছন থেকে গুলি চালায়। প্রাণ বাঁচাতে দ্রুত চালাতে গিয়ে বাগপাড়া এলাকায় এসে দুর্ঘটনার শিকার হন তারা। ঘটনা নিশ্চিত করে জুনাইদের চাচাশ্বশুর ও কুলিয়ারচর পৌর বিএনপি নেতা মিলন ভূঁইয়া বলেন, সকালে তিনি ফোনে খবর পান যে দুর্বৃত্তরা জুনাইদ ও শাহাদাৎকে গুলি করেছে। কুলিয়ারচর থানার উপপরিদর্শক (তদন্ত) খোকন চন্দ্র সরকার বলেন, চিকিৎসকের কাছ থেকে নিশ্চিত হওয়া গেছে আহত দুজন গুলিবিদ্ধ হয়েছেন। এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

## গাংনী সীমান্ত থেকে পাঁচ লাখ টাকার

(প্রথম পৃষ্টার পর)

আড়াইটার দিকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে। বিজিবি জানায়, সীমান্ত এলাকায় টানা অভিযানে তিন দফায় এসব চোরাচালান সামগ্রী উদ্ধার করা হয়েছে। শেওড়াতলা অভিযান: বুধবার ভোর ৪টার দিকে শেওড়াতলা বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকায় অভিযান চালানো হয়। লে. কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি’র তত্ত্বাবধানে নায়েব সুবেদার মো. নজরুল ইসলামের নেতৃত্বে সীমান্ত পিলার ১৪২/২-এস থেকে ১ হাজার ১০ পিস ভারতীয় সিলডিনাফিল ট্যাবলেট জব্দ করা হয়। জব্দকৃত ট্যাবলেটের আনুমানিক মূল্য ৩ লাখ ৩ হাজার টাকা। ধলা অভিযান: একই দিনে ভোর সাড়ে ৩টার দিকে ধলা বিওপির সীমান্ত পিলার ১৩৬/মেইন পিলার থেকে ১৪৮ পিস সিলডিনাফিল ট্যাবলেট ও ৬০ পিস সেনেগ্রা ট্যাবলেট উদ্ধার করা হয়। জব্দকৃত সামগ্রীর মূল্য প্রায় ৬২ হাজার টাকা।কাজীপুর অভিযান: মঙ্গলবার রাত সাড়ে ১০টার দিকে কাজীপুর বিওপির সীমান্ত পিলার ১৪৬/৪-এস থেকে ২৩ বোতল ভারতীয় মদ, ৩৮৯ পিস সিলডিনাফিল ট্যাবলেট এবং ৩২০ পিস চকলেট বাজি উদ্ধার করা হয়। জব্দকৃত সামগ্রীর আনুমানিক মূল্য ১ লাখ ৫৯ হাজার ২০০ টাকা। বিজিবি জানিয়েছে, উদ্ধারকৃত মাদক ও চোরাচালান সামগ্রী ধ্বংসের জন্য ব্যাটালিয়নের মাদক স্টোরে জমা দেওয়া হবে।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুদান

(প্রথম পৃষ্টার পর)

অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়ে আবেদন জমা দিতে হবে। আবেদন ফরম পাওয়া যাবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট, জেলা প্রশাসকের কার্যালয় ও জেলা শিল্পকলা একাডেমি থেকে।

## দৌলতপুরে আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষে দুইজন নিহত

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে দুইজন নিহত হয়েছেন ও আহত হয়েছেন আরও চারজন। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে উপজেলার মথুরাপুর ইউনিয়নের বাগোয়ান কান্দিরপাড়া গ্রামে মন্ডল গ্রুপ ও সর্দার গ্রুপের মধ্যে এ সংঘর্ষ ঘটে। নিহতরা দুজনই সর্দার গ্রুপের সদস্য। নিহতরা হলেন- গ্রামের মৃত হামের সর্দারের ছেলে সারফান সর্দার (৫০) এবং তাঁর ভাগনে মৃত বিছার সর্দারের ছেলে বাইজিদ সর্দার (৩৫)। স্থানীয় সূত্রে জানা যায়, সংঘর্ষ চলাকালে ধারালো অস্ত্রের আঘাতে ঘটনাস্থলেই মারা যান সারফান সর্দার। গুরুতর আহত বাইজিদ সর্দারকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। আহত চারজনকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। নিহত সারফান সর্দারের মেয়ে মিম খাতুন অভিযোগ করে বলেন, রাতে বাড়ি থেকে ডেকে নিয়ে পাশের একটি বাগানে আমার বাবাকে পা ও গলা কেটে হত্যা করেছে প্রতিপক্ষরা। দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলাইমান শেখ বলেন, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষে সর্দার গ্রুপের দুজন নিহত হয়েছেন। লাশ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। তিনি আরও জানান, এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং সেনাবাহিনী টহল দিচ্ছে। ঘটনাস্থল থেকে কয়েকজনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে।

## কুষ্টিয়ায় প্রেমঘটিত অভিমানে স্কুলছাত্রীর আত্মহত্যা

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুরে প্রেমঘটিত অভিমানে বিষপান করে আত্মহত্যা করেছে এক স্কুলছাত্রী। মৃতের নাম বিনা খাতুন (১৩)। তিনি উপজেলার প্রাগপুর ইউনিয়নের জেএমজি মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী ও স্থানীয় কৃষক আতর আলীর মেয়ে। ঘটনাটি ঘটে গত সোমবার দুপুর ১টার দিকে বিদ্যালয়ের টিফিন বিরতির সময়। সহপাঠীরা জানায়, বিরতির সময়ে ক্লাসরুম ফাঁকা হলে বিনা নিজের ব্যাগে করে আনা মাঠে ব্যবহারযোগ্য ঘাসমারা বিষ পান করে। পরে শিক্ষক ও পরিবারের সহযোগিতায় তাকে দ্রুত কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করা হয়। তবে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) দুপুরে তার মৃত্যু হয়। পরিবার ও স্থানীয় সূত্র জানায়, স্কুলের এক শিক্ষার্থীর সঙ্গে প্রেমের সম্পর্কের কারণে পরিবার থেকে বকাঝকা খেয়ে অভিমানে বিষপানের সিদ্ধান্ত নেয় বিনা। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুল ইসলাম নান্নু বলেন, বিনা খাতুন পারিবারিক কারণে মানসিক চাপে ছিল। টিফিন পিরিয়ডে সে ক্লাসে বিষপান করে। আমরা দ্রুত হাসপাতালে নিয়ে গেলেও শেষ পর্যন্ত তাকে বাঁচানো সম্ভব হয়নি।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলায়মান শেখ বলেন, অষ্টম শ্রেণির ছাত্রী বিনা খাতুন বিষপান করে মারা গেছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## ছাত্রদল-শিবিরকে বিশৃঙ্খলায় না জড়ানোর নির্দেশনা

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের ফলাফল ঘোষণার আগে উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হলে সরকারের পক্ষ থেকে ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবিরকে কোনো ধরনের সংঘর্ষ বা বিশৃঙ্খলায় না জড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। বুধবার (১০ সেপ্টেম্বর) গভীর রাতে সরকারের পক্ষ থেকে দুই দলের হাইকমান্ডের সঙ্গে যোগাযোগের পর এ নির্দেশনা দেওয়া হয়। সরকারের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়, যদি কোনো অরাজকতা হয় তবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তা কঠোরভাবে দমন করবে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাউদ্দিন আহমদ এ বিষয়ে বলেন, “সরকারের পক্ষ থেকে আমাদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। আমরা আশ্বস্ত করেছি, ছাত্রদল সংঘর্ষ বা বিশৃঙ্খলা সৃষ্টি করবে না। সংশ্লিষ্ট নেতাদের বিষয়টি জানানো হয়েছে।” একইভাবে জামায়াতে ইসলামীর একজন নায়েবে আমিরও নিশ্চিত করেছেন যে, মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) দিবাগত রাত ১২টার দিকে সরকারের পক্ষ থেকে তাদের সঙ্গে যোগাযোগ করা হয়। তিনি বলেন, “ছাত্রশিবির বা জামায়াতের বাইরের কেউ বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করবে না। তবে নেতাকর্মীদের সতর্ক দৃষ্টি রাখতে বলা হয়েছে।” রাজনৈতিক দল দুটির একাধিক সূত্র জানায়, সরকারের এই উদ্যোগে অন্তর্বর্তী সরকারের তিন উপদেষ্টা, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী এবং ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার সরাসরি কথা বলেন বিএনপি ও জামায়াতের নেতাদের সঙ্গে। মঙ্গলবার সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ডাকসু ও হল সংসদ নির্বাচনের ভোটগ্রহণ চলে। এ সময় ভোটের আচরণবিধি লঙ্ঘন, অনিয়ম ও কারচুপির পাল্টাপাল্টি অভিযোগ তোলে ছাত্রদল, ইসলামী ছাত্রশিবির ও বাগছাস সমর্থিত প্রার্থীরা। ভোটের দিন বহিরাগতদের বিশ্ববিদ্যালয়ে প্রবেশ নিষিদ্ধ থাকলেও বিএনপি ও জামায়াতের নেতাকর্মীরা বিভিন্ন প্রবেশপথ ও আশপাশ এলাকায় অবস্থান নেন। প্রেসক্লাব এলাকায় বিএনপির নেতাকর্মীরা, শাহবাগ ও নিউমার্কেট এলাকায় জামায়াতের নেতাকর্মীরা এবং বাংলা মোটর থেকে মিছিল নিয়ে শাহবাগমুখী হন ছাত্রদলের কর্মীরা। এতে সন্ধ্যার পর সংঘর্ষের আশঙ্কা দেখা দেয়। এমন পরিস্থিতিতে তাৎক্ষণিক উদ্যোগ নেয় সরকার এবং সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সঙ্গে যোগাযোগ করে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার অনুরোধ জানায়।

## বাণিজ্য সমস্যা সমাধানে মোদির সঙ্গে কথা বলবেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ভারতের সঙ্গে চলমান বাণিজ্য সমস্যাগুলো সমাধানে তার প্রশাসন কাজ করছে। এ বিষয়ে শিগগিরই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে তিনি সরাসরি আলোচনা করবেন। বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, দুই দেশের মধ্যে গত কয়েক সপ্তাহ ধরে বিরোধ চললেও একটি সম্ভাব্য চুক্তির আশা তৈরি হয়েছে। মঙ্গলবার সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, “আমি নিশ্চিত, আমাদের উভয় দেশের জন্যই ভালো একটি সিদ্ধান্তে আসতে কোনো সমস্যা হবে না।” তিনি আরও উল্লেখ করেন, কয়েক সপ্তাহের মধ্যে মোদির সঙ্গে আলোচনায় বসার জন্য তিনি আগ্রহ নিয়ে অপেক্ষা করছেন এবং একটি বাণিজ্য চুক্তি চূড়ান্ত হওয়ার ব্যাপারে আশাবাদী। ট্রাম্পের পোস্টে সাড়া দিয়ে বুধবার নরেন্দ্র মোদি লিখেছেন, “ওয়াশিংটন ও নয়াদিল্লি ঘনিষ্ঠ বন্ধু, স্বাভাবিক অংশীদার। আমিও প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে কথা বলার জন্য আগ্রহ নিয়ে অপেক্ষা করছি। উভয় দেশের জনগণের জন্য আরও সমৃদ্ধ ও উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করতে আমরা একসঙ্গে কাজ করবো।” এর আগে গত সপ্তাহে ট্রাম্প জানিয়েছিলেন, মার্কিন পণ্যে শুল্ক শূন্যে নামানোর প্রস্তাব দিয়েছে ভারত, তবে প্রস্তাবটি দিতে তারা অনেক দেরি করেছে।